দিনাজপুর সদর উপজেলা ভূমি অফিস এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং পৌর/ইউনিয়ন ভূমি অফিসের দায়িত্বপ্রাপ্ত **ULAO**- গণের নির্ধারিত মোবাইল নম্বরের তালিকাঃ

| ক্রমিক নং | মোবাইল সিম গ্রহণকারী কর্মকর্তার পদবী | মোবাইল নম্বর |
|---|---|---|
| ০১. | সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর সদর | ০১৭৬১-৪৯৩৫৩৭ |
| ০৩ | কানুনগো (উপজেলা ভূমি অফিস, দিনাজপুর সদর) | ০১৭৮০-৭৯৪৬৫৪ |
| ০৪ | সার্ভেয়ার (উপজেলা ভূমি অফিস, দিনাজপুর সদর) | ০১৭২৮-১৫০৮০৪ |
| ০৫ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পৌর ভূমি অফিস | ০১৭৩৩-৩০১১০৭ |
| ০৬ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, চেহেলগাজী ইউনিয়ন ভূমি অফিস | ০১৭৩৩-৩০০৩৯৬ |
| ০৭ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সুন্দরবন ইউনিয়ন ভূমি অফিস | ০১৭৩৩-৩০০৩৯৭ |
| ০৮ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ফাজিলপুর ইউনিয়ন ভূমি অফিস | ০১৭৩৩-৩০০৩৯৮ |
| ০৯ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, শেখপুরা ইউনিয়ন ভূমি অফিস | ০১৭৩৩-৩০০৩৯৯ |
| ১০ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, শশরা ইউনিয়ন ভূমি অফিস | ০১৭৩৩-৩০১১০১ |
| ১১ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, আউলিয়াপুর ইউনিয়ন ভূমি অফিস | ০১৭৩৩-৩০১১০২ |
| ১২ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, উথরাইল ইউনিয়ন ভূমি অফিস | ০১৭৩৩-৩০১১০৩ |
| ১৩ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, শংকরপুর ইউনিয়ন ভূমি অফিস | ০১৭৩৩-৩০১১০৪ |
| ১৪ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, আস্করপুর ইউনিয়ন ভূমি অফিস | ০১৭৩৩-৩০১১০৫ |
| ১৩ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, কমলপুর ইউনিয়ন ভূমি অফিস | ০১৭৩৩-৩০১১০৬ |

## তথ্য/ সেবা না পেলে কার কাছে অভিযোগ করবেন?

- ইউনিয়ন ভূমি অফিসে এবং উপজেলা ভূমি অফিসে তথ্য/সেবা পেতে হয়রানির শিকার হলে সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর সদর-কে লিখিত ভাবে জানাবেন/ অভিযোগ করবেন।
- জরুরি ফোন নম্বর: ০৫৩১-৬৩২২৪
- ই-মেইল: acldinajpursadar@gmail.com

# খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত সম্পর্কিত তথ্যাবলি

**উপজেলা ভূমি অফিস**
**দিনাজপুর সদর, দিনাজপুর**


__তথ্য ও পরামর্শের জন্য যোগাযোগ করুন__
উপজেলা ভূমি অফিস, দিনাজপুর সদর, দিনাজপুর।
ফোন: ০৫৩১-৬৩২২৪
acldinajpursadar@gmail.com


Scanned by CamScanner

**কৃষি খাস জমির সংজ্ঞা:**

বাংলাদেশ গেজেটের মাধ্যমে ৮ই মার্চ/১৯৯৫ খ্রি: তারিখে জারীকৃত অকৃষি খাসজমি ব্যবস্থাপনা বন্দোবস্ত নীতিমালার আওতায় সংজ্ঞায়িত অকৃষি খাসজমি বাদে অন্যান্য সকল খাস জমি কৃষি খাসজমি হিসাবে গণ্য হইবে। অর্থাৎ দেশের সকল মেট্রোপলিটন এলাকা, সকল পৌর এলাকা এবং সকল থানা সদর এলাকাভূক্ত সকল প্রকার জমি ব্যতীত উহার বাহিরে অবস্থিত কৃষিযোগ্য সকল খাসজমিই কৃষি খাসজমি হিসাবে বিবেচিত হইবে।

**ভূমিহীন পরিবার:** যে পরিবারের বসতবাড়ী ও কৃষি জমি কিছুই নাই, কিন্তু পরিবারটি কৃষি নির্ভর।

**কৃষি খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির কার্যপরিধি:**

ক) খাস জমি চিহ্নিতকরণ ও উদ্ধার।

খ) উদ্ধারকৃত কৃষি খাস জমি বন্দোবস্তের সুবিধার্থে প্লটে বিভক্তিকরণ।

গ) সরকারের কৃষি খাস জমি বরাদ্দ কর্মসূচি সম্পর্কে ব্যপক প্রচারের ব্যবস্থা গ্রহণ।

ঘ) ভূমিহীনদের নিকট হতে দরখাস্ত আহবান।

ঙ) প্রাপ্ত দরখাস্ত বাছাই ও ভূমিহীনদের অগ্রাধিকার তালিকা প্রণয়ন।

চ) নির্বাচিত ভূমিহীনদের নিকট খাস প্লট বরাদ্দ দেওয়া সম্পর্কে সুপারিশ প্রদান।

ছ) বন্দোবস্ত প্রাপ্ত ভূমিহীনকে দখল প্রদান নিশ্চিতকরণ।

**ভূমিহীন পরিবারের অগ্রাধিকার তালিকা:**

ক) দু:স্থ মুক্তিযোদ্ধা পরিবার।

খ) নদী ভাংগা পরিবার (যাহার সকল জমি ভাংগিয়া গিয়াছে)।

গ) সক্ষম পুত্রসহ বিধবা বা স্বামী পরিত্যক্তা পরিবার।

ঘ) কৃষি জমি ও বাস্তুভিটাহীন পরিবার।

ঙ) অধিগ্রহণের ফলে ভূমিহীন হইয়া পড়িয়াছে এমন পরিবার।

**খাস জমি বন্দোবস্তের প্রক্রিয়াঃ**

**কৃষি খাসজমি পাওয়ার জন্য ভূমিহীন শ্রেণীর স্বপক্ষে দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্রঃ**

ক) স্বামী-স্ত্রীর যৌথ পাসপোর্ট সাইজের ২ কপি ছবি (সংশ্লিষ্ট চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত) সহ নির্ধারিত ফরমে সহকারী কমিশনার (ভূমি) বরাবর আবেদন দাখিল করতে হয়।

খ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

গ) ইউনিয়ন চেয়ারম্যান/পৌর চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক ভূমিহীনের সনদপত্র।

ঘ) স্বামী-স্ত্রীর জাতীয় পরিচয়পত্র।

**ভূমিহীন বাছাই প্রক্রিয়া:**

ক) ভূমিহীনগণ থানা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির সদস্য-সচিব ও সহকারী কমিশনার (ভূমি) এর নিকট নির্ধারিত ফরমে দরখাস্ত দাখিল করবেন।

খ) সদস্য-সচিব প্রাপ্ত দরখাস্তগুলি ইউনিয়নওয়ারি বাছাই করবেন।

গ) প্রাপ্ত দরখাস্তসহ থানা কমিটি প্রতিটি ইউনিয়নে বৈঠকে মিলিত হবেন এবং পরিক্ষা নিরীক্ষার মাধ্যমে প্রথমিক বাছাই করবেন।

ঘ) প্রাথমিক বাছাই এর পর থানা কমিটি প্রয়োজনে সরেজমিন তদন্ত করবেন এবং চুড়ান্তভাবে প্রকৃত ভূমিহীন পরিবার বাছাই করবেন।

ঙ) একান্নভুক্ত একই পরিবারের একাধিক সদস্যকে জমি দেয়া যাবেনা।

চ) জমি স্বামী-স্ত্রী দুইজনের নামে যৌথভাবে বন্দোবস্ত প্রদান করা হবে।

ছ) কোন পরিবারকে জমি প্রাপ্যতা সাপেক্ষে সর্বোচ্চ ১.০০ (এক) একর জমি দেয়া যাবে।

**অকৃষি খাস জমির সংজ্ঞা:** দেশের মেট্রোপলিটন এলাকার সকল পৌর এলাকা এবং সকল থানা সদর বর্তমান নীতিমালা অনুযায়ী শহরাঞ্চল হিসাবে বিবেচিত হবে। এই সকল এলাকাভুক্ত কৃষিযোগ্য খাসজমিও অকৃষি খাস জমি হিসাবে বিবেচিত হবে। উহার বাহিবে অবস্থিত কৃষিযোগ্য জমি বাদে অন্যান্য সকল জমি অকৃষি খাসজমি হিসাবে বিবেচিত হবে।

**অকৃষি খাস জমি বন্দোবস্ত পাওয়ার নিয়মাবলি ও নিষ্পত্তির সময়সীমা:**

১) সকল আবেদনপত্র জেলা প্রশাসক এর নিকট সরাসরি দাখিল করতে হবে।

২) জেলা প্রশসক তাহার অফিসের বন্দোবস্তের আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহার উপর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক তাহা উর্ধতন কর্তৃপক্ষের নিকট পেশ করবেন।

৩) বিভাগীয় কমিশনার তাঁহার অফিসে জেলা প্রশাসকের নিকট হতে কেস রেকর্ড প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে বন্দোবস্ত প্রস্তাব নিস্পত্তি করবেন এবং ভূমি সংস্কার বোর্ডকে গৃহীত সিদ্ধান্ত অবহিত করবেন।

৪) জেলা প্রশাসকের নিকট হতে কেস রেকর্ড প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ভূমি মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম সমাপ্ত করবে।

Scanned by CamScanner